দৈনিক সংবাদ

তারিখ 29 NOV 1988
পৃষ্ঠা 1 কলাম 4

82

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# বাংলাদেশকে শিক্ষিত জনগোষ্ঠীর দেশ হিসেবে গড়ে তুলুন

—রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদ বলেছেন: দেশের জনগণ শিক্ষা প্রতিষ্ঠানে নৈরাজ্যকর অবস্থা চায় না, চায় না সেখানে অবাধ নকল তৎপরতা অব্যাহত থাকুক। জনগণ চায় না তাদের সন্তানেরা রাজনীতিতে জড়িয়ে পড়ুক, তারা তাদের সন্তানদের শিক্ষিত হিসেবে গড়ে তুলতে চায় এবং সমাজে তাদের প্রতিষ্ঠিত করতে চায়। তিনি গতকাল পাবনার পাকশীতে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির মহাসম্মেলনে ভাষণ দিচ্ছিলেন। খবর বাসস'র।

অর্ধ লক্ষেরও বেশী প্রাথমিক শিক্ষকের এ সমাবেশে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন উপ-প্রধানমন্ত্রী ও রাষ্ট্রপতির রাজনৈতিক উপদেষ্টা কাজী জাফর আহমদ, শিক্ষামন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ, প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আজাদ ও মহাসচিব কাজী এ,কে ফজলুল হক।

রাষ্ট্রপতি তার ভাষণে প্রাথমিক শিক্ষকদের জন্য বেশকিছু

(শেষ পৃ: ৩-এর ক: দ্র:)

## রাষ্ট্রপতি

(১ম পাতার পর)

কল্যাণমূলক কর্মসূচীর কথা ঘোষণা করেন। এ সমস্ত কর্মসূচীর মধ্যে রয়েছে: সকল প্রাথমিক শিক্ষকের জন্য সমন্বিত বেতন স্কেল প্রণয়নের বিষয়টি নীতিগতভাবে মেনে নেয়া, গ্রাজুয়েট শিক্ষকদের গৃহীত বর্ধিত বেতন কর্তন বন্ধ রাখা, কক্সবাজারে প্রাথমিক শিক্ষকদের জন্য হাসপাতাল ও বিনোদন কেন্দ্রের জমি বরাদ্দ করা, সহকারী প্রধান শিক্ষকের পদ সৃষ্টি। তিনি সর্বসম্মতিক্রমে কল্যাণ ট্রাষ্টের তহবিলে চাঁদার হার ১০ টাকায় উন্নীত করার কথাও ঘোষণা করেন।